



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দূরলাপনীঃ ৭২২৬১৮, কলেজ কোডঃ ০৩১৩

e-mail: azamkhacollege@yahoo.com

azamkhacollege@gmail.com

অধ্যক্ষের কার্যালয়

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

তারিখঃ ১৯/১১/২০১৮

২০১৭-১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

- ১। ভর্তির বিষয়ঃ হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও মার্কেটিং
- ২। ভর্তির প্রাথমিক আবেদন ফরম পাওয়া যাবেঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটেঃ www.nu.edu.bd/admissions এ ১৮.১১.২০১৮ থেকে ২৭.১১.২০১৮ তারিখ পর্যন্ত।
- ৩। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে (নিচতলার অফিসে) জমাদানের শেষ তারিখ : ২৮.১১.২০১৮ তারিখ খ্রিঃ মধ্যে।
- ৪। প্রাথমিক আবেদন ফরমের ফিস : ৩০০/- (তিনশত টাকা) অফিস কাউন্টারে জমা দিতে হবে।
- ৫। মাস্টার্স শেষ পর্বে ভর্তির আবেদনের যোগ্যতাঃ

- ক. জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ। অথবা,
- খ. তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ।

৬। মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলিঃ

- ক। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ১৮ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৭ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ২৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে শুরু হবে।
- খ। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা অথবা তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত অথবা ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- গ। মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের Masters Tab সিলেক্ট করে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সনসঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- ঘ। মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/ স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থীকে কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে। আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না।
- ঙ। আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা ঐ কলেজে আবেদনকরে থাকলে সে সকল আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে প্র মেই মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য আবেদনকারীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে।
- চ। ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচী ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। এছাড়াও SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে ১৬২২২ নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র মেধা তালিকার ফলাফল জানা যাবে।
- ছ। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- জ। এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ঝ। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ঞ। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স পূর্বে ফর্শনাল কোর্সে অধ্যয়নরত অবস্থায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ট। এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ঠ। ওয়েব সাইট থেকে প্রিন্টকৃত আবেদন ফরমের উপরে যোগাযোগের জন্য ব্যক্তিগত মোবাইল নম্বর লিখতে হবে।

প্রতিষ্ঠান

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।

আহবায়ক

মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি-২০১৭-১৮